

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১১৭৭

৩২/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩২/৪০. নবী (ﷺ) এর আল্লাহ তা'আলার নিকট দুআ প্রার্থনা এবং মুনাফিকদের (দেয়া) কষ্টের উপর তাঁর ধৈর্যধারণ।

في دعاء النبيّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إلى الله وصبره على أذى المنافقين

আরবী

حديث أنس رضي الله عنه، قَالَ: قِيلَ لِلنّبِيّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْ أَتَيْتَ عَبْدَ اللهِ بْنَ أَبِيّ فَانْطَلَقَ إِلَيْهِ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَرَكِبَ حِمَارًا، فَانْطَلَقَ الْمُسْلِمُونَ يَمْشُونَ مَعَهُ، وَهِيَ أَرْضٌ سَبِخَةٌ فَلَمَّا أَتَاهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: إِلَيْكَ عَنِي، وَاللهِ لَقَدْ مَعَهُ، وَهِيَ أَرْضٌ سَبِخَةٌ فَلَمَّا أَتَاهُ النّبِيُّ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ، قَالَ: إِلَيْكَ عَنِي، وَاللهِ لَقَدْ آذَانِي نَتْنُ حِمَارِكَ فَقَالَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ مِنْهُمْ: وَاللهِ لَحِمَارُ رَسُولِ اللهِ صَلّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ أَطْيَبُ رِيحًا مِنْكَ فَغَضِبَ لِعَبْدِ اللهِ رَجُلٌ مِنْ قَوْمِهِ فَشَتَمَا، فَغَضِبَ لِكلّ عَلْي وَاللهِ وَعَلَيْهُ وَسَلّمَ أَطْيَبُ رِيحًا مِنْكَ فَغَضِبَ لِعَبْدِ اللهِ رَجُلٌ مِنْ قَوْمِهِ فَشَتَمَا، فَغَضِبَ لِكلّ عَلْ وَاحِدٍ مِنْهُمَا أَصْحَابُهُ، فَكَانَ بَيْنَهمَا ضَرْبٌ بِالْجِرِيدِ وَالأَيْدِي وَالنِّعَالِ فَبَلَغَنَا أَنّهَا أَنْزِلَتُ وَإِنْ طَائِفَتَانِ مِنَ الْمُؤْمِنِينَ اقْتَلُوا فَأَصْلِحُوا بَيْنَهُمَا)

বাংলা

১১৭৭. আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলা হলো, আপনি যদি 'আবদুল্লাহ ইবনে 'উবাইয়ের নিকট একটু যেতেন। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকট গাধায় চড়ে গেলেন এবং মুসলিমরা তাঁর সঙ্গে হেটে চললো। সে পথ ছিল কংকরময়। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তার নিকট এসে পৌছলে সে বলল, 'সরো আমার কাছ থেকে। আল্লাহর কসম, তোমার গাধার দুর্গন্ধ আমাকে কন্ট দিছে। তাঁদের মধ্য হতে একজন আনসারী বললোঃ আল্লাহর কসম, আল্লাহর রাসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-এর গাধা সুগন্ধে তোমার চেয়ে উত্তম। 'আবদুল্লাহ্ ইবনে উবাই-এর গোত্রের এক ব্যক্তি রেগে গেল এবং দু'জনে গালাগালি করল। এভাবে উভয়ের পক্ষের সঙ্গীরা রেগে উঠল এবং উভয় দলের সঙ্গে লাঠালাঠি, হাতাহাতি ও জুতা মারামারি হল। আমাদের জানানো হয়েছে যে, এ ব্যাপারে এ আয়াত নাযিল হলো। মুমিনদের দু'দল বিবাদে লিপ্ত হলে তোমরা তাদের মধ্যে মীমাংসা করে দিবে- (সুরাহ্ আল-হুজরাত ৪৯/৯)।

ফুটনোট



সহীহুল বুখারী, পর্ব ৫৩ : বিবাদ মীমাংসা, অধ্যায় ১, হাঃ ২৬৯১; মুসলিম, পর্ব ৩২ : জিহাদ, অধ্যায় ৪০, হাঃ ১৭৯৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন